

# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১০৪৫

২/ সালাত (নামায) (১ হা০ ১ হা০)

পরিচ্ছেদঃ ২১২. কিবলা ব্যাতিত অন্যদিকে মুখ ফিরিয়ে নামায আদায় করার পর, তা জ্ঞাত হলে।

باب مَنْ صلَّى لِغَيْرِ الْقِبْلَةِ ثُمَّ عَلِمَ

### আরবী

حَدَّتَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ، حَدَّتَنَا حَمَّادُ، عَنْ ثَابِت، وَحُمَيْد، عَنْ أَنَسٍ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم وَأَصْحَابَهُ كَانُوا يُصلَّونَ نَحْوَ بَيْتِ الْمَقْدِسِ فَلَمَّا نَزَلَتْ هَذِهِ الآيَةُ ( فَوَلِّ وَجُهَكَ شَطْرَ الْمَسْجِدِ الْحَرَامِ وَحَيْثُ مَا كُنْتُمْ فَوَلُّوا وُجُوهَكُمْ شَطْرَهُ) فَمَرَّ رَجُلُ مِنْ بَنِي سَلِمَةَ فَنَادَاهُمْ وَهُمْ رُكُوعٌ فِي صَلَاةِ الْفَجْرِ نَحْوَ بَيْتِ الْمَقْدِسِ أَلاَ إِنَّ الْقِبْلَةَ قَدْ حُولَتْ إِلَى الْكَعْبَةِ مَرَّتَيْنِ فَمَالُوا كَمَا هُمْ رُكُوعٌ إِلَى الْكَعْبَةِ .

#### বাংলা

১০৪৫. মূসা ইবন ইসমাইল (রহঃ) .... আনাস (রাঃ) হতে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম ও তাঁর সাথীরা বায়তুল মুকাদ্দাসের দিকে মুখ করে নামায আদায় করতেন। অতঃপর যখন এই আয়াত নাযিল হয়ঃ তোমরা যেখানেই থাক, মসজিদুল হারামের দিকে মুখ ফিরিয়ে নামায আদায় কর। (অর্থাৎ এ সময় বায়তুল্লাহকে কিবলা হিসাবে নির্ধারিত করা হয়) এ সময় বনী সালমাহর এক ব্যক্তি মসজিদের পাশ দিয়ে গমন কালে দেখতে পান যে, তারা বায়তুল মুকাদ্দাসের দিকে মুখ করে ফজরের নামায আদায় করছেন। তখন তিনি দুইবার (চীৎকার করে) বলেনঃ নিশ্চয়ই কিবলাকে এখন বায়তুল্লাহর দিকে ফিরানো হয়েছে। তাঁরা রুকু অবস্থায় কাবার দিকে মুখ ফিরিয়ে নেন। (মুসলিম, নাসাঈ)

# **English**

## Anas said:

The Prophet (ﷺ) and his Companions used to pray in the direction of Jerusalem. When the following verse was revealed: "So turn thy face towards the inviolable mosque"; and Ye (O Muslims), wheresoever ye may be, turn your face towards it"(ii. 144), a man passed by the people of Banu Salamah. He called them while they were bowing in the morning prayer



facing Jerusalem: Lo, the qiblah (direction of prayer) has been changed towards the ka'bah. He called them twice. So they turned their faces towards the Ka'bah while they were bowing.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন